ভোরের কাগজ

NOV. 27 2000

তারিখ ...
পৃষ্ঠা 22 কলাম ... 3

95

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# বিভিন্ন পর্ষদে মুক্তিযুদ্ধের পক্ষের প্যানেলের পরাজয় অব্যাহত

শাহাবউদ্দিন নীপু, চ.বি থেকে : উপাচার্য, উপ-উপাচার্যসহ বিশ্ববিদ্যালয়ের সবকটি পর্ষদ মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী গোলাপী প্যানেলের দখলে থাকলেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নির্বাচনে গোলাপী দলের প্রার্থীদের পরাজয় অব্যাহত রয়েছে। গত শনিবার একাডেমিক কাউন্সিলের সিন্ডিকেট সদস্য নির্বাচনে গোলাপী দল সাদা দলের প্রার্থীর কাছে হেরে গেছে।

শনিবার অনুষ্ঠিত এ নির্বাচনে বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী (ডানপন্থী) সাদা দলের প্রার্থী অধ্যাপক ড. ইউসুফ শরীফ আহমেদ খান পেয়েছেন ১০০ ভোট এবং গোলাপী দলের প্রার্থী অধ্যাপক নাসির উদ্দিন আহমেদ পেয়েছেন ৮৪ ভোট। মোট ২০৯ জন ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ১৯০ জন। ছয়টি ভোট বাতিল হয়ে যায়। গোলাপী দলের বেশ কজন বিক্ষুব্ধ শিক্ষক ভোটদান থেকে বিরত থাকেন বলে জানা গেছে।

গোলাপী দলের প্রার্থীরা এর আগে বিজ্ঞান ও বাণিজ্য অনুষদের ডিন পদে এবং সিন্ডিকেট নির্বাচনে অধ্যাপক ক্যাটাগরিতে পরাজিত হয়েছেন। গোলাপী প্যানেলের এই লাগাতার পরাজয়ের জন্য গোলাপী দলের মধ্যকার গ্রুপিং সবচেয়ে বেশি দায়ী বলে জানা গেছে। এছাড়া 'গ্রুপ পরিচালনায় শৈথিল্যের' অভিযোগ তুলেছেন কেউ কেউ। অনেকে বলছেন, উপাচার্য এবং উপ-উপাচার্যকে কেন্দ্র করে দলের ভিতর দুটি গ্রুপ প্রকাশ্য রূপ ধারণ করায় এ পরাজয় ঘটছে।

গোলাপী দলের দেড় শতাধিক সদস্যের নির্বাচিত একটি স্টিয়ারিং কমিটি রয়েছে। বিভিন্ন নির্বাচনে এ কমিটি দলীয় প্রার্থী অনুমোদন করে থাকে।

জানা গেছে, একাডেমিক কাউন্সিলের এই সিন্ডিকেট সদস্য নির্বাচনে সাদা দলের যোগ্য ও পরিচিত প্রার্থীর বিপরীতে গোলাপী দল অপেক্ষাকৃত দুর্বল প্রার্থী দিতে বাধ্য হয়েছে। দলের সিনিয়র সদস্যদের কেউই নির্বাচন করতে সম্মত হননি। বিজ্ঞান অনুষদের ডিন নির্বাচনে গোলাপী দল অধ্যাপক ড. খান তৌহিদ ওসমানকে মনোনয়ন দিলে গ্রুপিঙের কারণে অধ্যাপিকা হামিদা বানু 'বিদ্রোহ' করেন। পরবর্তী সময়ে সদলীয় প্রার্থী মনোনয়ন প্রত্যাহার করলেও হামিদা বানু জিততে পারেননি। একই কারণে বাণিজ্য অনুষদের ডিন নির্বাচনে গোলাপী দলের প্রার্থী অধ্যাপক ড. দীপক কান্তি দত্ত এবং সিন্ডিকেটের অধ্যাপক ক্যাটাগরিতে মোহিত উল আলম হেরে গেছেন।

এদিকে, ক্যাম্পাসে মুক্তিযুদ্ধের পক্ষে সচেতন শিক্ষকদের নামে বিলিকৃত এক লিফলেটে অভিযোগ করা হয়েছে যে, একাডেমিক কাউন্সিলের নির্বাচনে গোলাপী দলের প্রার্থীকে 'কোরবানি' দেওয়া হয়েছে। এতে সাদা দলের প্রার্থী ইউসুফ শরীফ আহমেদ খানকে 'ভিসির প্রার্থী' হিসেবে উল্লেখ করে বলা হয়েছে, গত মে মাসে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা কাটিয়ে উঠার ক্ষেত্রে ইউসুফ শরীফের অবদানের জন্য উপাচার্য তাকে পুরস্কৃত করেছেন।